৪৩. উদ্দীপকে 'অতিথির স্মৃতি' গল্পের কোন দিকটিকে ইঙ্গিত করে?
● মানবেতর প্রাণীর প্রতি মমত্ববোধ
(খ) মানুষের প্রতি মমত্ববোধ
(গ) মালির প্রতি মমত্ববোধ
(ঘ) মালির বউয়ের প্রতি মমত্ববোধ

৪৪. উদ্দীপকের মূলভাব 'অতিথির স্মৃতি' গল্পে যেভাবে প্রতিফলিত হয়েছে—
i. স্মৃতিকাতরতা
ii. স্বাস্থ্য সচেতনতা
iii. মনুষ্যত্ববোধ
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii ● i ও iii (ঘ) i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড়ে ৪৫ ও ৪৬ নং প্রশ্নের উত্তর দাও :
শফিক সাহেব কবুতর পোষে। খাবার নিয়ে বাক-বাকুম করে ডাকলে কবুতরগুলো ছুটে আসে। শফিক সাহেবের দুঃখ-কষ্ট মনোভাব বুঝতে চেষ্টা করে। [রা. বো. '১৭]

৪৫. উদ্দীপকের মূলভাব নিচের কোন রচনায় ফুটে উঠেছে?
(ক) ভাব ও কাজ (খ) সুখী মানুষ (গ) পড়ে পাওয়া ● অতিথির স্মৃতি

৪৬. উদ্দীপকের শফিক সাহেব এবং 'অতিথির স্মৃতি' গল্পের লেখকের চারিত্রিক বৈশিষ্ট্যে প্রকাশ পেয়েছে—
i. মানবেতর প্রাণীর প্রতি মমত্ববোধ
ii. মূলত প্রাণীর প্রতি নির্বিকার মনোভাব
iii. মানুষ ও পোষা প্রাণীর মধ্যে স্নেহ-প্রীতির সম্পর্ক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড় এবং ৪৭ ও ৪৮ নং প্রশ্নের উত্তর দাও:
ভোরে ঘুম থেকে উঠেই কামাল দেখে তার পোষা ময়নাটি খাঁচায় মরে পড়ে আছে। ময়নাটির শোকে দু'তিনদিন কামাল নাওয়া-খাওয়া ছেড়েই দিয়েছিল। [ঢা. বো. '১৫]

৪৭. উপরের অনুচ্ছেদ ও 'অতিথির স্মৃতি' গল্পের মূল সাদৃশ্য কোথায়?
● ইতর প্রাণীর প্রতি ভালোবাসায় (খ) তুচ্ছ জীব হারানোয়
(গ) ইতর প্রাণীর প্রতি নিষ্ঠুরতায় (ঘ) মানবেতর জীবকে অবজ্ঞা করায়

৪৮. উক্ত ভাবটির সাথে সংগতিপূর্ণ বাক্য—
i. কী রে, যাবি আমার সঙ্গে?
ii. চাকরদেরও দরদ তার 'পরেই বেশি
iii. না খেয়ে যাসনে বুঝলি?
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড় এবং ৪৯ থেকে ৫১ নং প্রশ্নের উত্তর দাও :
একবার শহর থেকে এক ভদ্রলোক বন্দুক নিয়ে গ্রামে এসেছিল পাখি শিকার করতে। শিমুলগাছে অসংখ্য পাখি দেখে ভদ্রলোকের আনন্দ আর ধরে না। গুলি ছোড়ার আগে রাফি ঢিল ছুড়ে সব পাখি উড়িয়ে দিয়েছিল। [ঢা. বো. '১৪]

৪৯. উদ্দীপকের রাফি 'অতিথির স্মৃতি' গল্পে কার প্রতিচ্ছবি?
(ক) মালির ● লেখকের (গ) মালির বউ (ঘ) পা ফোলা রোগীর

৫০. রাফির ঢিল ছুড়ে সব পাখি উড়িয়ে দেওয়ার মধ্য দিয়ে তার মধ্যে 'অতিথির স্মৃতি' গল্পের লেখকের কোন বৈশিষ্ট্যটির পরিচয় পাওয়া যায়?
(ক) মনুষ্যবোধ (খ) কৌতূহলবোধ (গ) অসৌজন্যতা ● প্রাণীপ্রীতি

৫১. উদ্দীপকের ভদ্রলোকের সঙ্গে 'অতিথির স্মৃতি' গল্পের কাকে মেলানো যায়?
(ক) লেখককে (খ) মালিকে ● মালির বউকে (ঘ) বেরিবেরি রোগীকে

## মাস্টার ট্রেইনার প্যানেল প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

#### লেখক পরিচিতি (পাঠ্যবই পৃষ্ঠা ৪)

৫২. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কত সালে জন্মগ্রহণ করেন?
● ১৮৭৬ (খ) ১৮৭৭ (গ) ১৮৭৮ (ঘ) ১৯৭৯

৫৩. কথাসাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্ম ভারতের কোন রাজ্যে?
(ক) আসাম (খ) ত্রিপুরা (গ) মণিপুর ● পশ্চিমবঙ্গ

৫৪. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্ম হুগলি জেলার—
● দেবানন্দপুরে (খ) ভবানন্দপুরে (গ) আনন্দপুরে (ঘ) নিমতলীতে

৫৫. দারিদ্র্যের কারণে শরৎচন্দ্রের কোন পর্যায়ের শিক্ষা অসমাপ্ত থাকে?
(ক) প্রাথমিক শিক্ষা (খ) মাধ্যমিক শিক্ষা
● কলেজ শিক্ষা (ঘ) উচ্চশিক্ষা

৫৬. জীবিকার তাগিদে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কোথায় গমন করেন?
(ক) চট্টগ্রাম (খ) কৃষ্ণনগর (গ) রানাঘাট ● রেঙ্গুন

৫৭. ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কোন উপাধি লাভ করেন?
(ক) ডিএসসি ● ডি.লিট (গ) এম.ফিল (ঘ) ডি.ফিল

৫৮. কোন শহরে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের মৃত্যু হয়?
(ক) ঢাকা ● কলকাতা (গ) হুগলি (ঘ) রেঙ্গুন

#### মূলপাঠ (পাঠ্যবই পৃষ্ঠা ১—৩)

৫৯. 'অতিথির স্মৃতি' গল্পটির লেখক কে?
(ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ● শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
(গ) নারায়ণ গঙ্গোপাধ্যায় (ঘ) প্রভাতকুমার মুখোপাধ্যায়

৬০. চিকিৎসকের পরামর্শে লেখক কোথায় গিয়েছিলেন?
(ক) হাওড়ায় (খ) আমডোবে (গ) রাঁচিতে ● দেওঘরে

৬১. ভজন শুরু হয় রাত কয়টা থেকে?
(ক) একটা (খ) দুটো ● তিনটা (ঘ) চারটা

৬২. 'অতিথির স্মৃতি' গল্পে কোন কোন গাছের উল্লেখ রয়েছে?
(ক) আম, কাঁঠাল (খ) আম, জাম (গ) আম, লিচু ● আম, বকুল

৬৩. 'এদেশে ব্যাধের অভাব নেই।' বাক্যটিতে 'ব্যাধ' বলতে কাদের কথা বলা হয়েছে?
(ক) ব্যাধিগ্রস্তদের ● শিকারিদের
(গ) পথযাত্রীদের (ঘ) অভিযাত্রিকদের

৬৪. কুকুরটিকে তাড়িয়ে দিয়েছে কে?
(ক) লেখক (খ) মালি ● মালিনী (ঘ) চাকর

৬৫. অল্পবয়সী মেয়ের দল কিসের আসামি?
(ক) খুনের ● বেরিবেরির (গ) ডেঙ্গুর (ঘ) বাতজ্বরের

৬৬. "তবু সবচেয়ে ছোট ছেলেটি তার কোলে।"— কার?
(ক) মালিনীর ● দরিদ্র মেয়েটির
(গ) লেখকের স্ত্রীর (ঘ) বেরিবেরি রোগীর

৬৭. দরিদ্র মেয়েটির সঙ্গী ছিল—
(ক) পুরুষ ● সন্তান (গ) চাকর (ঘ) স্ত্রীলোক

৬৮. মধ্যবিত্ত গৃহস্থের ঘরে পীড়িতদের মধ্যে কাদের সংখ্যা বেশি ছিল?
(ক) ছেলেদের ● মেয়েদের (গ) যুবকদের (ঘ) কিশোরদের

৬৯. 'অতিথির স্মৃতি' গল্পের পীড়িত মানুষজন কেমন পরিবারের সন্তান?
(ক) উচ্চবিত্ত ● মধ্যবিত্ত (গ) নিম্নবিত্ত (ঘ) নিম্ন মধ্যবিত্ত

৭০. হয়ত, ওর চেয়ে তুচ্ছ জীব শহরে আর নেই। এখানে কার কথা বলা হয়েছে?
(ক) বেনেবৌ পাখি ● কুকুরটি (গ) মালিনী (ঘ) বুলবুলি পাখি

৭১. দুপুর বেলা উপরের ঘরে বিছানায় শুয়ে লেখক কী করছিলেন?
(ক) ঘুমাচ্ছিলেন (খ) বই পড়ছিলেন
● খবরের কাগজ পড়ছিলে (ঘ) ব্যায়াম করছিলেন

৭২. 'অতিথির স্মৃতি' গল্পের খোলা দরজা দিয়ে সিঁড়ির উপর কার ছায়া পড়েছে?
● কুকুরটির (খ) মনিবের (গ) মালির (ঘ) লেখকের

৭৩. কার ভয়টা অতিথির গেছে?
(ক) লেখকের ● মালিনীর (গ) চাকরদের (ঘ) মানুষের

৭৪. লেখকের ট্রেন কখন ছিল?
(ক) সকালে (খ) বিকেলে ● দুপুরে (ঘ) রাতে

#### শব্দার্থ ও টীকা (পাঠ্যবই পৃষ্ঠা ৩)

৭৫. মালির স্ত্রীকে কী বলা হয়?
(ক) মালিনী ● মালিনী (গ) মালাকর (ঘ) মলিনা

৭৬. 'দোর' শব্দের অর্থ প্রকাশিত হয়েছে নিচের কোনটিতে?
(ক) উপবন ● বাড়ির ফটক (গ) দারোয়ান (ঘ) জানালা

৭৭. যে মালা রচনা করে তাকে কী বলে?
● মালি (খ) আসামি (গ) কুঞ্জ (ঘ) মালিনী

#### পাঠের উদ্দেশ্য (পাঠ্যবই পৃষ্ঠা ৪)

৭৮. 'অতিথির স্মৃতি' গল্প পাঠ করে আমরা কোন বোধে উদ্বুদ্ধ হব?
● মানবিকতাবোধে (খ) স্বার্থপরতা
(গ) অন্ধ দেশাত্মবোধে (ঘ) প্রাণী হত্যা নীতিতে

৭৯. 'অতিথির স্মৃতি' গল্প পাঠ করে আমরা কী পরিহার করতে শিখব?
(ক) হতাশা ● নিষ্ঠুরতা (গ) স্নেহ (ঘ) আবেগ

#### পাঠ পরিচিতি (পাঠ্যবই পৃষ্ঠা ৪)

৮০. 'অতিথির স্মৃতি' গল্পটির লেখক প্রদত্ত নাম হলো—
(ক) ভ্রমণের স্মৃতি ● দেওঘরের স্মৃতি
(গ) কুকুরের স্মৃতি (ঘ) আনন্দের স্মৃতি

৮১. কুকুর কোন ধরনের প্রাণী?
(ক) মানবোত্তম (খ) মানবসৃষ্ট (গ) মানবশ্রেষ্ঠ ● মানবেতর

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৮২. "কিন্তু যৌবনে একদিন শক্তিসামর্থ্য ছিল।"— যার কথা বলা হয়েছে—
i. লেখকের
ii. কুকুরটির
iii. অতিথির
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ ii  ● ii ও iii  ঘ i ও iii

৮৩. যে বৈশিষ্ট্যের জন্য মালিনী অতিরিক্ত খাবারের অংশীদার ছিল—
i. মালিনীর বয়স কম
ii. সে দেখতে সুন্দর
iii. খাওয়ার ব্যাপারে সে নির্বিকারচিত্ত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ ii ও iii  ● i, ii ও iii  ঘ i ও iii

৮৪. বেনে-বৌ পাখি দু'দিন না আসাতে লেখক অস্থির হয়ে উঠলেন—
i. লেখকের সহজাত পাখিপ্রীতির টানে
ii. শিকারিরা হত্যা করতে পারে ভেবে
iii. শিকারিরা ধরে চালান করতে পারে ভেবে
নিচের কোনটি সঠিক?
● i, ii ও iii  খ i ও ii  গ ii ও iii  ঘ i ও iii

৮৫. অতিথির দুই দিন অভুক্ত থাকার জন্য দায়ী—
i. মানুষের হীন স্বার্থবুদ্ধি
ii. লেখকের অপরিসীম স্নেহপরায়ণতা
iii. চাকরদের মালিনীর প্রতি আনুকূল্য
নিচের কোনটি সঠিক?
● i ও iii  খ ii ও iii  গ iii  ঘ i ও ii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের উদ্দীপকটি পড় এবং ৮৬ থেকে ৮৮ নম্বর প্রশ্নের উত্তর দাও :
"এক কক্ষে ভাই লয়ে, অন্য কক্ষে ছাগ,
দুজনেরে বাঁটি দিল সমান সোহাগ।
পশুশিশু, নরশিশু, দিদি মাঝে পড়ে
দোঁহারে বাঁধিয়া দিল পরিচয় ডোরে।"

৮৬. 'অতিথির স্মৃতি' গল্পের সঙ্গে সাযুজ্য রেখে উদ্দীপকে কোন তাৎপর্য প্রকাশিত হয়েছে?
ক মানুষের প্রতি মানুষের ভালোবাসা  খ নর-নারীর পারস্পরিক সম্পর্ক
গ পশুকে মানুষের বেশি মূল্য প্রদান  ● পশুশিশু ও মানবশিশু নব পরিচয় বন্ধন

৮৭. উদ্দীপক ও 'অতিথির স্মৃতি' গল্পের আঙ্গিকগত তাৎপর্য—
i. একটি স্মৃতিকথা, অন্যটি কবিতা
ii. গদ্যের প্রবহমানতা ও ছন্দের বন্ধনে ভাবকথা
iii. স্মৃতিকথার অবয়ব, কবিতা সংহত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ ii ও iii  গ i ও iii  ● i, ii ও iii

৮৮. উদ্দীপক ও 'অতিথির স্মৃতি' গল্পটির চেতনাগত পার্থক্য কোথায়?
ক মানুষ ও প্রাণীর মধ্যে ভালোবাসার বন্ধন
● গল্পে পশুপ্রীতি ও অপ্রীতি দেখা যায়, উদ্দীপকে যায় না
গ মানুষ মানবেতর জীবকে ভালো না বেসে পারে না
ঘ পশুরা কখনো মানুষের প্রতি সদয় হয় না

# শীর্ষস্থানীয় স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৮৯. ট্রেন ছাড়তে আর কত মিনিট বাকি? [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
● এক মিনিট  খ দুই মিনিট  গ তিন মিনিট  ঘ চার মিনিট

৯০. 'অতিথির স্মৃতি' গল্পে লেখক বায়ু পরিবর্তনের জন্য দেওঘরে যান।— এখানে বায়ু পরিবর্তন বলতে কী বোঝানো হয়েছে? [মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা]
ক নির্মল বায়ুপ্রবাহ  খ বাসস্থান পরিবর্তন
● স্বাস্থ্যকর পরিবেশে ভ্রমণ  ঘ পাহাড়ের পাদদেশে অবস্থান

৯১. গল্পটি পাঠের মধ্য দিয়ে মানবেতর প্রাণীর প্রতি শিক্ষার্থীর মনে কোন ধরনের বৈশিষ্ট্যের উন্মেষ ঘটবে? [মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা]
ক অসহনীয়  খ পরোপকার
গ সহনশীল নয় এমন  ● সহানুভূতিশীল

৯২. কোন গাছের ডালে বেনে-বৌ পাখিরা প্রতিদিন হাজিরা দিত? [মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা]
● ইউক্যালিপটাস গাছের  খ অশ্বত্থ গাছের
গ বকুল গাছের  ঘ কাঁঠাল গাছের

৯৩. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কোন বিশ্ববিদ্যালয় থেকে জগত্তারিণী উপাধি পেয়েছেন? [ন্যাশনাল আইডিয়াল স্কুল, ঢাকা]
ক ঢাকা  ● কলকাতা  গ অক্সফোর্ড  ঘ কেমব্রিজ

৯৪. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে কোন পুরস্কারটি লাভ করেন? [ময়মনসিংহ জিলা স্কুল]
ক পদ্মভূষণ  খ মহাত্মাগান্ধী  ● জগত্তারিণী  ঘ আকাডেমী

৯৫. খাওয়া হয়েছে তো রে? কী খেলি আজ? এ জিজ্ঞাসা কার প্রতি? [গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ময়মনসিংহ]
ক চাকরের প্রতি  খ মালি-বৌর প্রতি
● কুকুরটির প্রতি  ঘ বামুন ঠাকুরের প্রতি

৯৬. 'অতিথির স্মৃতি' গল্পের মানুষ ও জীবনের মধ্যে সম্পর্ক স্থায়ীরূপ পেতে বাধাগ্রস্ত হয়ে দাঁড়ায় কোনটি? [বিন্দুবাসিনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল]
ক বাড়ির লোহার গেইট  খ দেওঘর ত্যাগ
● প্রতিকূল পরিবেশ  ঘ মানবীয় আচরণ

৯৭. 'পাণ্ডুর' শব্দের অর্থ কী? [বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক বিবর্ণ  ● ফ্যাকাশে  গ রোগাটে  ঘ পাতলা

৯৮. 'বায়ু পরিবর্তনে সাধারণত যা হয় সেও লোকে জানে, আবার আসেও'— কেন আসে? [রাজশাহী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক কর্মক্লান্তি থেকে মুক্তি পাওয়ার জন্য
● রোগ সারতে পারে এটা ভেবে
গ চিকিৎসকের আদেশ মেনে নিয়ে  ঘ অবসাদ থেকে মুক্তি লাভের জন্য

৯৯. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রেঙ্গুনে গিয়েছিলেন কেন? [পাবনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক অফিসের কাজে  খ ব্যবসার কাজে
● জীবিকার সন্ধানে  ঘ সাহিত্যচর্চার জন্য

১০০. শরৎচন্দ্র কত বছর রেঙ্গুনে অবস্থান করেন? [পাবনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক ১২  খ ১১  গ ১০  ● ১৩

১০১. অতিথি কখন আবার উঠানের ধুলোয় পরম নিশ্চিন্তে স্থান করে নিল? [পাবনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক যখন লেখক নিজে অতিথিকে খাবার খেতে দেন
● যখন মালি বৌয়ের ভয়টা চলে যায়
গ যখন থেকে মালি বৌ অর্ধেকটা খাবার অতিথিকেও দেয়
ঘ যখন লেখক মালিকে ডেকে তার বৌকে শাসন করতে বলে

১০২. 'যাবার আগে তারই মধ্য দিয়ে ঝাপসা দেখতে পেলাম'— এখানে 'ঝাপসা' কথাটিতে কী প্রকাশ পেয়েছে? [নওগাঁ জিলা স্কুল]
ক চোখে কম দেখা  খ চোখে জল আসা
● দূরে তাকাতে না পারা  ঘ চোখে অন্ধকার দেখা

১০৩. লেখকের ঘুম ভেঙে যায় কী শুনে? [মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল]
ক পাখির ডাক  ● ভজন
গ লোকের কোলাহল  ঘ অতিথির ডাক

১০৪. শরীর খারাপ হলে লেখক কয়দিন নিচে নামতে পারলেন না [বিন্দুবাসিনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল; শেরপুর সরকারি ভিক্টোরিয়া একাডেমি]
ক এক দিন  ● দুই দিন  গ তিন দিন  ঘ চার দিন

১০৫. এদেশে কিসের অভাব নেই? [মোমেনা আলী বিজ্ঞান স্কুল, উল্লাপাড়া, সিরাজগঞ্জ; বীণাপাণি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ]
ক লেখকের  খ মালির  গ বামুনের  ● ব্যাধের

১০৬. জীবিকার তাগিদে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কোথায় গমন করেন? [গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ময়মনসিংহ]
● রেঙ্গুন  খ রানাঘাট  গ কৃষ্ণনগর  ঘ চট্টগ্রাম

১০৭. কুকুরটিকে তাড়িয়ে দিয়েছে কে? [শেরপুর সরকারি ভিক্টোরিয়া একাডেমি]
ক লেখক  খ চাকর  গ মালি  ● মালির বউ

১০৮. 'বুঝলাম সে রাজি আছে'— এখানে কার কথা বলা হয়েছে? [বীণাপাণি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ; কাদিরাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, নাটোর; বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; কলেজিয়েট মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল]
ক চাকর  খ বামুন  ● কুকুর  ঘ মালিনী

১০৯. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রেঙ্গুনে অবস্থান করেন— [এস.এম. মডেল সরকারি উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ]
● ১৯০৩-১৯১৬  খ ১৯০৭-১৯১৮
গ ১৮৭৬-১৮৯৬  ঘ ১৯০১-১৯১৫

১১০. 'অতিথির স্মৃতি' গল্পে কোন গাছটির কথা বলা হয়নি? [বীণাপাণি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ; ফরিদপুর জিলা স্কুল]
ক আম  ● ছাতিম  গ বকুল  ঘ অশ্বত্থ

১১১. 'অনিলাদেবী' কোন সাহিত্যিকের উপাধি— [নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক রবীন্দ্রনাথ ঠাকুরের  খ মাইকেল মধুসূদনের
গ কায়কোবাদের  ● শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের

১১২. 'আজ তুই আমার অতিথি' লেখক কাকে কথাটি বলেছেন? [চাটখিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নোয়াখালী]
ক মালিকে  খ চাকরকে  ● কুকুরকে  ঘ মালিনীকে